

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

বিষয়ঃ বিজেএমসির নিয়ন্ত্রণাধীন মতিঝিলস্থ করিম চেম্বারের জমিতে অত্যাধুনিক “সোনালী আঁশ ভবন” নির্মাণ সংক্রান্ত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনার সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মির্জা আজম,
মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সভার তারিখ : ১০ আগস্ট ২০১৭
সময় : সকাল ১১ টা
স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (বারো তলা)
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

আলোচনা ও সিদ্ধান্তঃ

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ২০১৪ সালের ১২ অক্টোবর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালে “বিজেএমসিকে নিজের পায়ে দাঁড়াতে হবে” মর্মে নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর উক্ত নির্দেশনা মোতাবেক বিজেএমসি’র আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমসমূহের মধ্যে বিজেএমসির নিয়ন্ত্রণাধীন মতিঝিলস্থ করিম চেম্বারের জমিতে অত্যাধুনিক বহুতল বিশিষ্ট “সোনালী আঁশ ভবন” নির্মাণ একটি অন্যতম পদক্ষেপ। মাননীয় প্রধানমন্ত্রী এ ভবনটি “সোনালী আঁশ ভবন” নামকরণের সদয় অনুমোদন দিয়েছেন। এ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম যতটা দ্রুততার সাথে এগিয়ে যাওয়া কাম্য ছিল সে তুলনায় ধীর গতিতে চলছে মন্তব্য করে তিনি প্রস্তাবিত প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার বিষয়ে উপস্থিত কর্মকর্তাদের মতামত ও পরামর্শ আহ্বান করেন। বিজেএমসি আলোচনার শুরুতে এ যাবত গৃহিত কার্যক্রমের অগ্রগতি তুলে ধরে।

০৩। বিজেএমসির প্রতিনিধি ইঞ্জিঃ শেখ মোঃ হাফিজ উদ্দিন, উপ-মহাব্যবস্থাপক (পুর) জানান যে, গত ২১/১১/২০১৬ তারিখে ডেভেলপার নিয়োগের জন্য দরপত্র আহ্বান করা হলে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। গত ১৯/০১/২০১৭ তারিখ মূল্যায়ণ কমিটি কর্তৃক ০৩ (তিন) টি প্রতিষ্ঠানকেই প্রাক-যোগ্যতায় যোগ্য বিবেচনা করা হয়। ২২/১২/২০১৬ তারিখ বিজেএমসির পরিচালনা পর্ষদ সভা নং-৩৭৯.১৬/১৬-১৭ এ সোনালী আঁশ ভবন নির্মাণ কল্পে বুয়েটকে পরামর্শক নিয়োগের নীতিগত অনুমোদন দেয়া হয়। ১২/০৭/২০১৭ তারিখ অনুষ্ঠিত বিজেএমসির পর্ষদের ৪০৩.১০/১৭-১৮ নং সভায় সোনালী আঁশ ভবন নির্মাণ প্রকল্পে বুয়েটকে সর্বমোট ৩,৮৭,০৫,৮৮৩/- (তিন কোটি সাতাশি লক্ষ পঁচ হাজার আটশত তিরাশি মাত্র) টাকায় পরামর্শক নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। ০৬/০৮/২০১৭ তারিখ সোনালী আঁশ ভবন নির্মাণ প্রকল্পে পরামর্শক হিসেবে বুয়েটের সাথে চুক্তি সম্পন্ন হয়। তিনি আরো জানান যে, সোনালী আঁশ ভবনটির সর্বোচ্চ উচ্চতা কত করা যাবে এ বিষয়ে মতামতের জন্য রাজউক ও সিভিল এভিয়েশন কর্তৃপক্ষকে বিজেএমসি থেকে ০৭/০৫/২০১৭ তারিখ এবং মন্ত্রণালয় থেকে ২০/০৭/২০১৭ তারিখ পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের জবাব এখনো পাওয়া যায়নি।

০৪। রাজউকের প্রতিনিধি জানান যে, যেহেতু প্রস্তাবিত করিম চেম্বারের স্থলে সোনালী আঁশ ভবন নির্মাণ প্রকল্পটি কেপিআই এর আওতাভুক্ত এলাকায় সেহেতু, এ ভবনের উচ্চতা সম্পর্কিত অনুমোদন প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে গ্রহণ আবশ্যিক। সোনালী আঁশ ভবনটির সর্বোচ্চ উচ্চতা কত করা যাবে এ বিষয়ে রাজউক থেকে দ্রুত মতামত প্রেরণ করা হবে মর্মেও তিনি জানান।

(অ:পূ:দ্র:২)

০৫। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব ইসরাত চোধুরী জানান যে, ভবনটির উচ্চতা সর্বোচ্চ ৫০ তলা হতে পারে। এ বিষয়ে মন্ত্রণালয়ের মতামত দ্রুত প্রেরণ করা হবে মর্মে তিনি জানান।

৬। গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব কুবলেশ্বর ত্রিপুরা জানান যে, ভবনের উচ্চতা নির্ভর করবে ভবনের পাশের রাস্তাগুলো কতটুকু প্রশস্ত তার উপর। তিনি এ ভবন নিমার্ণে তার অধিদপ্তরের সার্বিক সহযোগিতার আশ্বাস ব্যক্ত করেন।

৭। পরিবেশ অধিদপ্তরের পরিচালক জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম জানান যে, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের জন্য নির্ধারিত ফরম পূরণ করতে হবে। সভাপতি পরিবেশ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল দপ্তরের ছাড়পত্র সংগ্রহের লক্ষ্যে দ্রুত প্রস্তাব প্রেরণের জন্য বিজেএমসিকে নির্দেশনা প্রদান করেন।

০৮। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

- (১) বিজেএমসি মতিঝিলস্থ জমিতে অত্যাধুনিক সোনালী আঁশ ভবন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করবে;
- (২) বিজেএমসিকে কারিগরি ও আর্থিক প্রস্তাবের জন্য টেন্ডার আহ্বান করে দ্রুততম সময়ের মধ্যে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করতে হবে;
- (৩) ভবনটি কেপিআই এর আওতাভুক্ত কিনা এ বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ছাড়পত্রের জন্য বিজেএমসি দ্রুত প্রস্তাব প্রেরণ করবে;
- (৪) ভবন নির্মাণে সংশ্লিষ্ট সরকারি সকল বিভাগের ছাড়পত্র সংগ্রহের জন্য বিজেএমসি প্রস্তাব প্রেরণ করবে এবং
- (৫) সোনালী আঁশ ভবন নির্মাণের কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য যারা এ কাজের সাথে প্রথম থেকে জড়িত ছিলেন তাদেরকে এ কাজের সাথে সম্পৃক্ত রাখতে হবে।

০৯। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তাং ২০/০৮/১৭

(মির্জা আজম)

প্রতিমন্ত্রী

বঙ্গ ও পাট মন্ত্রণালয়